



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল।

www.barishalboard.gov.bd

জরুরি বিজ্ঞপ্তি

স্মারক নং-বশিবো/বিঅ/২০২২/৪৪৭৯

তারিখঃ ০৯ মাঘ ১৪২৮
২৩ জানুয়ারি ২০২২

বিষয়ঃ করোনা ভাইরাসজনিত রোগ বিস্তার রোধকল্পে নিম্ন-মাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের গভর্নিং বডি/ম্যানেজিং কমিটি গঠন সংক্রান্ত কার্যক্রম স্থগিত প্রসঙ্গে।

সূত্রঃ (i) মন্ত্রীপরিষদ বিভাগ এর জেলা ও মাঠ প্রশাসন অধিশাখার স্মারক নং-০৪.০০.০০০০.৫১৪.১৬.০০১.২১-১৪১
তারিখঃ ২১ জানুয়ারি ২০২২ খ্রি.

(ii) মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.৪৬.০০১.২১.৫৭ তারিখঃ ২২/০১/২০২২ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে অত্র বোর্ডের আওতাধীন নিম্ন-মাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণ, সংশ্লিষ্ট সকল প্রিজাইডিং অফিসার এবং রিটার্নিং অফিসারগণকে জানানো যাচ্ছে যে, সূত্রোক্ত পত্রের আলোকে ২১ জানুয়ারি ২০২২ খ্রি. হতে ০৬ ফেব্রুয়ারি ২০২২ খ্রি. পর্যন্ত সকল শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ ঘোষণা করা হয়েছে। ফলে অত্র বোর্ডের আওতাধীন যে সকল প্রতিষ্ঠান ইতিমধ্যে নির্বাচনী কার্যক্রম গ্রহণ করেছে/করতে যাচ্ছে যা এখনো সম্পন্ন হয়নি, তাদেরকে তাদের কার্যক্রম যে অবস্থায় আছে সে অবস্থায়ই স্থগিত রাখার জন্য বলা হলো। সরকার কর্তৃক উক্ত ছুটির মেয়াদ বাড়ানো হলে স্বয়ংক্রিয়ভাবে এই স্থগিতাদেশ ছুটিকালীন সময় পর্যন্ত বলবৎ থাকবে। তবে উল্লেখ থাকে যে, সদস্য নির্বাচন সম্পন্ন হয়েছে এমন বিদ্যালয়সমূহ স্বাস্থ্যবিধি মেনে সভাপতি নির্বাচন করতে পারবে।

Intermediate and Secondary Education Board 1961 (E.P. Ord. No XXXIII of 1961)

এর Section II এর ক্ষমতাবলে এই নির্দেশনা জারি করা হলো। এ বিষয়ে করণীয় পরবর্তী সময়ে বোর্ড কর্তৃক জানিয়ে দেয়া হবে।

২৬/০১/২২

প্রফেসর মোহাম্মদ ইউনুস(৬৯৪৭)

চেয়ারম্যান

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড,
বরিশাল।

মোবাইল নম্বর-০১৭১১-৫৪৬৯৫৩

মেইল : barisalboard@gmail.com